গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯,কাওরান বাজার, ঢাকা-১২১৫।

প্রস্তাবিত নিবন্ধন সংখ্যা:-পরি:/নিটিং:-০০০০০৪৪৩-১৯
তারিখ: ০৯/১০/২০১৯ খ্রি:।

নং-২৪.০২.০০০০.০০৫.১৮.০৯৮.১৯-৩৭৬ তারিখ: ০৯/১০/২০১৯ খ্রি:।

ব্যবস্থাপনা পরিচালক
মেসার্স কেসি স্পিনিং মিলস লিমিটেড
অফিস: ৬২ ওয়াটার ওয়ার্কস রোড, গোদনাইল, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
কারখানা: ১১৭ গোদনাইল, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।

বিষয়ঃ বস্ত্রশিল্প কারখানার অনুকূলে প্রস্তাবিত নিবন্ধন প্রদান।

প্রিয় মহোদয়,

আপনার ১১/০৯/২০১৯ ইং তারিখের আবেদন পত্রে প্রদত্ত তথ্যাদির ভিত্তিতে আপনার প্রস্তাবিত বস্ত্রশিল্প কারখানাটি ২নং ও ৩নং পৃষ্ঠার শর্তাবলী পালন সাপেক্ষে বস্ত্র অধিদপ্তরে নিম্নরূপে নিবন্ধিত হলো:

| | |
|---|---|
| ১। | শিল্প কারখানার নাম:- মেসার্স কেসি স্পিনিং মিলস লিমিটেড (প্রস্তাবিত) |
| ২। | ঠিকানা:- |
| | (ক) অফিস: ৬২ ওয়াটার ওয়ার্কস রোড, গোদনাইল, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ। |
| | (খ) কারখানা: ১১৭ গোদনাইল, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ। |
| ৩। | উদ্যোক্তাগণের নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জাতীয়তা,টেলিফোন, ফ্যাক্স এবং ই-মেইল নম্বর:<br>১। জনাব জয়নাল আবেদীন মোল্লা (ব্যবস্থাপনা পরিচালক) ঠিকানা: ৬২ ওয়াটার ওয়ার্কস রোড, গোদনাইল, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ; জাতীয়তা: বাংলাদেশী।<br>২। জনাব মো: জাহাঙ্গীর হোসেন মোল্লা (পরিচালক) ঠিকানা: ৬২ ওয়াটার ওয়ার্কস রোড, গোদনাইল, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ; জাতীয়তা: বাংলাদেশী।<br>৩। জনাব মো: মুনির হোসেন মোল্লা (পরিচালক) ঠিকানা: ৬২ ওয়াটার ওয়ার্কস রোড, গোদনাইল, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ; জাতীয়তা: বাংলাদেশী। |
| ৪। | শিল্পের ধরণ (উপ-খাত): ''টেক্সটাইল নিটিং'' |
| ৫। | বিনিয়োগের ধরন: স্থানীয় বিনিয়োগ |
| ৬। | উৎপাদন আরম্ভের তারিখ: ডিসেম্বর/২০১৯ খ্রি:। |
| ৭। | বিনিয়োগ (প্রস্তাবিত):- |

| বিবরণ | | | মূল্য (মিলিয়ন টাকা) |
|---|---|---|---|
| (ক) স্থানীয় সম্পদ: - | স্থানীয় মুদ্রায় | বৈদেশিক মুদ্রায় | মোট |
| (১) জমি | ৫.৮০ মি: টাকা (প্রস্তাবিত) | - | ৫.৮০ মি: টাকা (প্রস্তাবিত) |
| (২) কারখানা ভবন/শেড | ০.৯৫ মি: টাকা (প্রস্তাবিত) | - | ০.৯৫ মি: টাকা (প্রস্তাবিত) |
| (৩) যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ২২.১০ মি: টাকা (প্রস্তাবিত) | - | ২২.১০ মি: টাকা (প্রস্তাবিত) |
| (৪) অন্যান্য | ০.২০ মি: টাকা (প্রস্তাবিত) | - | ০.২০ মি: টাকা (প্রস্তাবিত) |
| (খ) চলতি মূলধন | ০.৫০ মি: টাকা (প্রস্তাবিত) | - | ০.৫০ মি: টাকা (প্রস্তাবিত) |
| সর্বমোট টাকা (মিলিয়ন) | ২৯.৫৫ মি: টাকা (প্রস্তাবিত) | - | ২৯.৫৫ মি: টাকা (প্রস্তাবিত)<br>(০.৩৭৮ মিলিয়ন ইউএস ডলার) |

৮। অর্থায়নের উৎস (প্রস্তাবিত): (মিলিয়ন টাকা)

| উৎস | স্থানীয় মুদ্রায় | বৈদেশিক মুদ্রায় | মোট |
|---|---|---|---|
| (ক) সমমূলধন (ইকুইটি) | ২৯.৫৫ মি: টাকা (প্রস্তাবিত) | -- | ২৯.৫৫ মি: টাকা (প্রস্তাবিত) |
| (খ) স্থানীয় ঋণ | -- | -- | -- |
| (গ) বৈদেশিক ঋণ | -- | -- | -- |
| সর্বমোট | ২৯.৫৫ মি: টাকা (প্রস্তাবিত) | -- | ২৯.৫৫ মি: টাকা (প্রস্তাবিত) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৯। | যন্ত্রপাতির তালিকা (প্রস্তাবিত): | | | | |
| | যন্ত্রপাতির বিবরণ | | সংখ্যা | মুল্য টাকায় | মূল্য (মিলিয়ন টাকা) |
| | (ক) স্থানীয়ভাবে সংগৃহীতব্য-<br>(খ) আমদানীতব্য-- | | -<br>১১ সেট | --<br>-- | -<br>২২.১০ মি: টাকা (প্রস্তাবিত) |
| | সর্বমোট মূল্য:- | | ১১ সেট | -- | ২২.১০ মি: টাকা (প্রস্তাবিত) |
| ১০। | বার্ষিক উৎপাদন ক্ষমতা | | | | |
| | পণ্য/সেবার নাম | | পরিমান ( গজ/মিটারে)/কেজি | মূল্য (মিলিয়ন টাকায়) | |
| | (ক) নিট-ফেব্রিক্স | | ২,৪০,০০০ কেজি | ৪৬.৮০ মি: টাকা (প্রস্তাবিত) | |
| ১১। | জনবলঃ- | স্থানীয় | বিদেশী | | |
| | (ক) ব্যবস্থাপনা | ০৩ (তিন) জন। | - | ০৩ (তিন) জন। | |
| | (খ) কর্মচারী/শ্রমিক | ৪৭ (সাতচল্লিশ) জন। | - | ৪৭ (সাতচল্লিশ) জন। | |
| | | | | মোট =৫০ (পঞ্চাশ) জন (প্রস্তাবিত)। | |
| ১২। | বিপণনঃ | | স্থানীয় ০০ % | রপ্তানি ১০০ % | |

শর্তাবলীঃ

০১। কারখানা ভবনের উপযুক্ততার সনদ এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক কারখানার লে-আউট প্ল্যান অনুমোদিত থাকতে হবে। কারখানা ভবন সংক্রান্ত যে কোন দুর্ঘটনার জন্য মালিক পক্ষ দায়ী থাকবে এবং সকল দায়-দায়িত্ব বহন করবেন।

০২। প্রস্তাবিত বস্ত্রশিল্প কারখানাটি বাস্তবায়নে জাতীয়/আর্ন্তজাতিক অর্থলগ্নীকারী কোন সরকারী বা বেসরকারী সংস্থা/প্রতিষ্ঠানের সাথে আর্থিক লেনদেন সংক্রান্ত কোন বিষয়ে এই নিবন্ধন পত্রের কোন সম্পৃক্ততা থাকবেনা। শিল্প কারখানার মালিকানা অথবা কারখানা অবস্থানের পরিবর্তন অথবা মেশিনারীজ সমূহ স্থানান্তর/বিক্রির বিষয়ে তাৎক্ষনিকভাবে বস্ত্র অধিদপ্তর'কে অবহিত করতে হবে।

০৩। প্রস্তাবিত প্রকল্পের জমি সংগ্রহের বিষয়ে বস্ত্র অধিদপ্তরের কোন প্রকার সংশ্লিষ্ঠতা থাকবে না;

০৪। এই রেজিস্ট্রেশন সংশ্লিষ্ঠ প্রতিষ্ঠানকে বিধিভুক্ত কোন দায় থেকে মুক্তি প্রদান করবে না। কোন শর্ত ভঙ্গ বা কোন বিধি প্রতিপালন না করার ফলে কোন দূর্ঘটনা ঘটলে সে বিষয়ে কারখানা কর্তৃপক্ষ দায়ী থাকবেন ।

০৫। উৎপাদন শুরুর পূর্বে ফায়ার লাইসেন্স অত্র অধিদপ্তরে দাখিল করতে হবে এবং অগ্নি নির্বাপক সরঞ্জামাদি যথাযথ স্থানে কার্যকরী অবস্থায় স্থাপন করতে হবে। অগ্নি সংক্রান্ত যে কোন দুর্ঘটনার জন্য মালিক পক্ষ দায়ী থাকবে এবং সকল দায়-দায়িত্ব বহন করবেন।

০৬। শিল্প প্রতিষ্ঠানের কোনরূপ বর্জ্য পদার্থ পরিশোধন না করে নিকটস্থ কোন নদী, সংযোগ খাল বা সাধারণ জলাশয়ে নির্গত করা যাবে না। পানি শোধানাগার/ইটিপি প্ল্যান অবশ্যই স্থাপন ও কার্যকর রাখতে হবে। শিল্প প্রতিষ্ঠান স্থাপনের পূর্বে বিদ্যমান পরিবেশ আইনের শর্তাবলী প্রতিপালন করতে হবে।

০৭। বস্ত্র আইন, ২০১৮ ও বাংলাদেশ শ্রম (সংশোধন) আইন, ২০১৮ সহ বিদ্যমান আইনকানুন ও বিধিমালা প্রতিপালন করতে হবে।

০৮। কোন অবস্থাতেই শিশু শ্রমিক (১৫ বৎসর বয়সের কম) নিয়োগ দেয়া যাবে না। বর্তমান সরকার এসডিজি বাস্তবায়নের মাধ্যমে দেশে ২০২১ সালের মধ্যে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন এবং ২০২৫ সালের মধ্যে দেশকে শিশুশ্রম মুক্ত করতে কাজ করে যাচ্ছে। কারখানা গেটে শিশুশ্রম নিষিদ্ধ' উল্লেখ করে সাইনবোর্ড থাকতে হবে।

০৯। প্রস্তাবিত বস্ত্রশিল্প কারখানার জন্য নির্ধারিত বহুতল ভবনটির ক্যাপিটাল মেশিনারীজ ও অন্যান্য যন্ত্রাংশ সমূহের ধারণ ক্ষমতা সম্পন্ন হতে হবে। আইইবি সদস্যভূক্ত প্রকৌশলী কর্তৃক কারখানা ভবনের ভারবহন ক্ষমতা পরীক্ষান্তে সিল-স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। এছাড়া কারখানা ভবনে একাধিক সিঁড়ির ব্যবস্থা থাকতে হবে। ভবন সংক্রান্ত যে কোন দুর্ঘটনার জন্য মালিক পক্ষ দায়ী থাকবে এবং সকল দায়-দায়িত্ব বহন করবেন।

১০। রপ্তানীমূখী শিল্পের ক্ষেত্রে উৎপাদিত পণ্য নিবন্ধন পত্রের বিপনন অনুচ্ছেদে উল্লেখিত হারে (%) রপ্তানি করতে হবে।

১১। অত্র অধিদপ্তরের যে কোন কর্মকর্তা ও পরিদর্শক কারখানা চলাকালীন যে কোন সময়ে কারখানা পরিদর্শন করতে পারবে।

১২। সম্ভাব্য দূর্ঘটনা রোধকল্পে দেশের প্রচলিত আইন অনুসারে নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৩। ভূগর্ভস্থ পানি ব্যবহারের উপর চাপ কমানোর লক্ষ্যে বৃষ্টির পানি ধরে রাখার ব্যবস্থা করতে হবে।

১৪। প্রতিষ্ঠান গুলিতে ডে-কেয়ার সুবিধা, মাতৃত্বকালীন সময়ে ছুটির (প্রযোজ্য ক্ষেত্রে) সুবিধা, স্বল্প আয়ের মহিলা কর্মচারীদের জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতিষ্ঠানের কাছাকাছি স্বল্প ব্যয়ে নিরাপদ আবাসন সুবিধা প্রদান, প্রতিষ্ঠানের অভ্যন্তরে মহিলা কর্মীদের সমমর্যাদা প্রতিষ্ঠার জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) মজুরী ও অন্যান্য ভাতা প্রদান, সমতা বিধান, স্বল্প খরচে খাবারের ক্যান্টিন সুবিধা, পুরুষ ও মহিলা কর্মীদের মাঝে (প্রযোজ্য ক্ষেত্রে) কাজের শান্তিপূর্ণ সুষ্ঠু পরিবেশ সৃষ্টির লক্ষ্যে কার্যকর আচরণ বিধি প্রণয়ন এবং কাজের গুণগত ও মানসম্মত কর্ম পরিবেশ নিশ্চিত করবেন।

১৫। প্রস্তাবিত মেসার্স কেসি স্পিনিং মিলস লিমিটেড বস্ত্রশিল্প কারখানাটির অনুকূলে ক্যাপিটাল মেশিনারীজ/যন্ত্রাংশ সংগ্রহ পূর্বক কারখানায় সংস্থাপিত মেশিন স্থানীয়ভাবে ক্রয়কৃত হলে নোটারীকৃত ক্রয়-বিক্রয় চুক্তিপত্র/আমদানীকৃত হলে আমদানীকৃত মেশিনের ব্যাংকের প্যাডে ব্যাংক কর্তৃক প্রত্যয়ন, ফায়ার লাইসেন্স দাখিল এবং উপরে শর্তাবলী সমূহের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করে অত্র অধিদপ্তর হতে বিদ্যমান রূপে নিবন্ধন নিতে হবে। অন্যথায় প্রস্তাবিত নিবন্ধন প্রদানের তারিখ হতে ০১ (এক) বছর পর এই প্রস্তাবিত নিবন্ধন পত্রটি বাতিল বলে গণ্য করা হবে।

বস্ত্র অধিদপ্তর এই নিবন্ধনের শর্ত পরিবর্তনের অথবা নিবন্ধন বাতিলের অধিকার সংরক্ষণ করে। বস্ত্র অধিদপ্তরে যে কোন যোগাযোগের ক্ষেত্রে এই নিবন্ধন পত্রে উল্লেখিত 'নিবন্ধন সংখ্যা' উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, জারীকৃত পত্রটি বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইট www.dot.gov.bd এ পাওয়া যাবে।

(মোহাম্মদ আলম রেজা)
উপ-পরিচালক (কারিগরি)
মহাপরিচালক বস্ত্র অধিদপ্তরের পক্ষে।
e-mail: ddplanning@dot.gov.bd
ফোন: ০২-৫৫০১৩২০৩।

নং-২৪.০২.০০০০.০০৫.১৮.০৯৮.১৯- তারিখ: ---/১০/২০১৯ খ্রি:।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলোঃ

১। মহা-পরিচালক, পরিবেশ অধিদপ্তর,ই-১৬, আগারগাঁও,শের-ই-বাংলা নগর, ঢাকা।
২। মহা-পরিচালক, বিএসটিআই, ১১৬/ক/ তেজগাঁও, শিল্প এলাকা, ঢাকা।
৩। মহা-পরিচালক, কল-কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।
৪। মহা-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা।
৫। জনাব মো: সাইফুল ইসলাম, লাইব্রেরীয়ান, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

আপনার বিশ্বস্ত-

(এম. আবু সাদাত সায়েম)
সহকারী-পরিচালক (কারিগরি)
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
e-mail: adplanning@dot.gov.bd
ফোন: ০২-৫৫০১৩২০৩।